যে ব্যক্তি ঘুমানোর কারণে বিতর সালাত আদায় করতে পারেনি অথবা তা আদায় করতে ভুলে যায়, পরে স্মরণ হওয়া মাত্রই যেন তা আদায় করে নেয়।

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি
ঘুমানোর কারণে বিতর সালাত আদায় করতে পারেনি অথবা তা আদায় করতে ভুলে যায়, পরে স্মরণ হওয়া মাত্রই যেন তা আদায় করে নেয়।” [সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি বিতর সালাত আদায় না করেই ঘুমিয়ে পড়ে এমন কি সকাল হয়ে যায় অথবা তা আদায় করতে ভুলে যায়, তবে সূর্যোদয়ের পর সে যেন তা আদায় হিসেবে পড়ে নেয়; কাযা হিসেবে নয়। উপরোক্ত হাদীস শরীফে সূর্যোদয়ের পরে বিতর সালাত আদায় করা জায়েয সাব্যস্ত হয়েছে তাদের জন্য যারা তা আদায় করতে ভুলে গেছে কিংবা আদায় না করে ঘুমে পড়েছিলো। কেননা সে ব্যক্তি শরী‘আতসম্মত ওযরগ্রস্ত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11277